



নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০৩২.২০.১৭১

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮
০৭ জুন ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: '১৩৩তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি) Online কোর্স'-এ অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহবান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ০৪/০৭/২০২১ হতে ০১/০৯/২০২১ তারিখ পর্যন্ত ৬০ দিন মেয়াদে জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের উপসচিব এবং সমপর্যায়ের বিসিএস ক্যাডার কর্মকর্তাগণের জন্য "১৩৩তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)" পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদন ছক) পূরণ পূর্বক আগামী ১৭/০৬/২০২১ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৫.০০ টার মধ্যে (সফট কপি- patcacad2021@gmail.com -এই মেইলে) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

শর্তাবলী:

- (ক) বিপিএটিসি কর্তৃক কোর্সটি online-এ পরিচালিত হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
- (ঘ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) চাহিদা/প্রয়োজনের তুলনায় আবেদনকারী কর্মকর্তার সংখ্যা বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনয়ন প্রদান করা হবে; এবং
- (চ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

৭-৬-২০২১

মোঃ আবদুর রউফ মিয়া

উপসচিব
ফোন: ৯৫১৫৫২৫
ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সর্বনয় অনুরোধ করা হলো)
- ২) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) অফিস কপি

জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের উপসচিব ও সমপর্যায় ও সমগ্রেডভুক্ত কর্মকর্তাগণের জন্য
১৩৩তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

| | | |
|----|---|-------------------------|
| | কর্মকর্তার নাম: | |
| ১. | বাংলায় | : |
| | ইংরেজিতে (বড় অক্ষরে) | : |
| ২. | পরিচিতি নম্বর (আইডি) | : |
| ৩. | বিসিএস ক্যাডার ও ব্যাচ: | ক্যাডরের নাম: ব্যাচ: |
| ৪. | বেতন গ্রেড: | |
| ৫. | পদবি ও কর্মস্থল | : |
| ৬. | জন্ম তারিখ | : |
| ৭. | কোর্স শুরুর তারিখে (০৪/০৭/২০২১ তারিখ) বয়স | : |
| ৮. | মোবাইল ও টেলিফোন নম্বর | : |
| ৯. | ই-মেইল | : |

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল